শিলিগুড়ি, ১৩ মার্চ (হি.স.): ‘অর্জুন তো এখনও বিজেপি-র সাংসদ’। শিলিগুড়ির উত্তরকন্যায় প্রশাসনিক সভায় প্রসঙ্গের উত্তরে এমনটাই বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহবার তৃণমূল নেত্রী আরও বলেন, ‘যারা তৃণমূলকে ভালোবেসে এসেছে, দলকে ভালোবেসেছে, যারা দলের প্রতি অঙ্গীকারবদ্ধ থেকেছে, সকলে মিলে তাঁদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তৃণমূল অনেক বড় পরিবার। যেখানে যে যোগ্য, তার নিরিখেই প্রার্থী করা হয়েছে।’ প্রসঙ্গত, লোকসভায় ব্যারাকপুর থেকে টিকিট না পেয়ে ক্ষুব্ধ অর্জুন সিং মঙ্গলবার তাঁর দলীয় অফিস থেকে সরেছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সহ তৃণমূলের ব্যবতীয় ছবি। বৃহবার অর্জুন শোষণ করেছেন, তিনি ব্যারাকপুর থেকেই লড়বেন। তবে কোন দলে তা স্পষ্ট করেননি। এই বিষয়ে শিলিগুড়ির উত্তরকন্যায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রশ্ন করা হয়, মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাওয়া হয়, বিজেপি থেকে তৃণমূল আসা আসনকেই এবার লোকসভায় টিকিট পেয়েছেন। তাকে অর্জুন কোন ব্রাত্য? মুখ্যমন্ত্রী বলেন, ‘অর্জুন তো এখনও বিজেপির সাংসদ। বিজেপির সাংসদ পদ ছাড়িনি সে। এখনও বিজেপির টিকিটে জয়ী হয়েই রয়েছি। ও কোন দলে দাঁড়াবে, তা ঠিক করার স্বাধীনতা ওর।’

জম্মু—কাশ্মীর ন্যাশনাল ফ্রন্টকে নিষিদ্ধ কেন্দ্রের

নয়াদিঙ্গি, ১৩ মার্চ (হি.স.): নইম আহমেদ খানের জম্মু—কাশ্মীর ন্যাশনাল ফ্রন্টকে ইউএপিএ-র অধীনে ৫ বছরের জন্য নিষিদ্ধ ঘোষণা করল কেন্দ্র। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক জানিয়েছে, বেআইনি কার্যকলাপের জন্য ওই দলকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। কেন্দ্র জানিয়েছে যে, জম্মু—কাশ্মীর ন্যাশনাল ফ্রন্ট-এর একাধিক সদস্য দেশবিরাোধী কার্যকলাপের সঙ্গে যুক্ত। তারা দেশের নিরাপত্তা বিঘ্নিত করতে পারে। জম্মু কাশ্মীর ন্যাশনাল ফ্রন্ট-এর সদস্যরা বহিরাগত জঙ্গিদের মদত দেয়। কেন্দ্রের মতে, ভারত বিরোধী চক্রান্ত, তথাপাচার করে থাকে ওই দলের সদস্যরা। কেন্দ্রের তরফে এও জানানো হয়েছে যে, জম্মু কাশ্মীর ন্যাশনাল ফ্রন্ট-এর সদস্যরা কাশ্মীরের একাধিক জায়গায় বিক্ষোভ, প্রতিবাদ করে উত্তেজনা ছড়ান। জঙ্গিদের মদত, নিরাপত্তারক্ষীদের উপর পাথর ছোড়াতেও যুক্ত তাঁরা। স্থানীয়দের উসকানি দেন বলেও অভিযোগ তাঁদের বিরুদ্ধে।

উমর খালিদের হামলাকারীদের ‘রেহাই’ দেওয়ায় নোটিশ জারি দিল্লি হাইকোর্টের

নয়াদিঙ্গি, ১৩ মার্চ (হি.স.): তাঁর ওপর হামলাকারীদের ওপর থেকে ‘হত্যার চেষ্টা’-র অভিযোগ তুলে নেওয়া হয়েছে, এই অভিযোগ জানিয়ে দিল্লি হাইকোর্টে মামলা করলো জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র উমর খালিদ। বৃহবার আদালত তাঁর মামলাটি গ্রহণ করেছে। পাশাপাশি এই বিষয়ে দিল্লি পুলিশের বক্তব্য জানতে চেয়েছে আদালত। এই মামলায় দুই অভিযুক্তকেও নোটিশ পাঠানো হয়েছে। উল্লেখ্য, ২০১৮ সালে দিল্লির কনস্টিটিউশন ক্লাবের বাইরে জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র উমর খালিদের ওপর নবীন দালাল এবং দরবেশ নামে দুজন হামলা চালায় বলে অভিযোগ। ২০২৩ সালের ৬ ডিসেম্বর দিল্লির একটি আদালত অভিযুক্ত ওই দুজনকে উমর খালিদকে ‘হত্যার চেষ্টা’-র অভিযোগ থেকে রেহাই দেয়। সেই রায়ে বিরুদ্ধেই আদালতে মামলা করেন উমর খালিদ।

রিয়ালের কাছে হেরে চাকরি গেল সেলটা ভিগোর কোচ বেনিতেজের

মাঙ্গ্রি, ১৩ মার্চ (হি.স.): দায়িত্ব নেওয়ার ৮ মাসের মধ্যেই হুঁটাই হয়ে গেলেন স্প্যানিশ কোচ রাফায়েল বেনিতেজের। মঙ্গলবার (১২ মার্চ) সেলটা ভিগো এক বিবৃতি দিয়ে বেনিতেজকে ছুঁটিইয়ের ঘোষণা করেছে। গত রবিবার (১০ মার্চ) রিয়াল মাদ্রিদের কাছে ৪-০ গোলে সেলটা ভিগোর হারের পরই বেনিতেজকে ছুঁটিইয়ের গুঞ্জন ওঠে। সেলটা ভিগোর দেওয়া বিবৃতিতে বলা হয়েছে, ‘ক্লাবকে প্রত্যাহিত ফলাফল এনে দিতে পারেননি বেনিতেজ।’ গত বছরের জুনে রিয়াল মাদ্রিদের প্রাক্তন কোচ বেনিতেজকে নিয়োগ করে সেলটা। তাঁর কোচিংয়ে একদমই সাফল্য পাচ্ছিল না বলে ক্লাবটির কোচ হুমকির মুখেই ছিল। বর্তমানে ভালো অবস্থায় নেই সেলটা ভিগো। ২৮ ম্যাচে ২৪ পরেট নিয়ে টেবিলের ১৭-তম স্থানে থেকে সেলটা অবনমন আওতায় আছে। এএফসি চ্যাম্পিয়ন্স লিগ : টানা জয়ের বিশ্ব রেকর্ড গড়ল আল হিলাল রিয়াদ, ১৩ মার্চ (হি.স.): টানা ম্যাচ জেতার বিশ্ব রেকর্ড গড়ল সৌদি আরবের ক্লাব আল হিলাল। এএফসি চ্যাম্পিয়ন্স লিগে তাঁরা আল ইত্তিহাদকে হারিয়ে এই অসাধারণ কীর্তি গড়ল। মঙ্গলবার রাতে এশিয়ান ক্লাব প্রতিযোগিতার কোয়ার্টার-ফাইনালের ফিরতি লেগে ২-০ গোলে জিততেছ আল হিলাল।

সিএএ প্রসঙ্গে তোপ কেজরিওয়ালের, একাধিক প্রসঙ্গ তুলে বিধলেন বিজেপিকে

নয়াদিঙ্গি, ১৩ মার্চ (হি.স.): সিএএ প্রসঙ্গে বিজেপিকে বিধলেন দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। বৃহবার এক সাংবাদিক বৈঠকে কেজরিওয়াল বলেছেন, ‘কী এই সিএএ? বিজেপি আমাদের সন্তানদেরই চাকরি দিতে পারছে না, কিন্তু তাঁরা পাকিস্তানের সন্তানদের চাকরি দিতে চায়। আমাদের দেশের বহু মানুষ এখনও গৃহহীন কিন্তু বিজেপি পাকিস্তান থেকে আসা মানুষজনকে এখানে বসতি দিতে চায়। বিজেপি পাকিস্তান থেকে মানুষজনকে আমাদের চাকরি দিতে চায়।’ অরবিন্দ কেজরিওয়াল আরও বলেছেন, ‘কেন্দ্রের বিজেপি সরকার বলেছে, বাংলাদেশ, পাকিস্তান এবং আফগানিস্তান - এই তিনটি দেশের সংখ্যালঘুরা যদি ভারতীয় নাগরিকত্ব পেতে চান তবে তাঁদের তা দেওয়া হবে। এর

মানে হল আমাদের দেশে বিপুল সংখ্যক সংখ্যালঘুদের আনা হবে। তাদের চাকরি দেওয়া হবে এবং তাদের জন্য বাড়ি তৈরি করা হবে।’ কেজরিওয়ালের কথায়, ‘বিজেপি পাকিস্তানিদের আমাদের ন্যায্য বাড়িতে বসতি দিতে চায়। ভারত সরকারের অর্থ বা আমাদের পরিবার ও দেশের উন্নয়নে ব্যবহার করা দরকার, তা পাকিস্তানিদের বসতি স্থাপনে ব্যবহার করা হবে।’

নিমতায় উদ্ধার কলকাতার ব্যবসায়ীর দেহ, এক সঙ্গীকে গ্রেফতার করল পুলিশ

কলকাতা ও নিমতা, ১৩ মার্চ (হি.স.): উত্তর ২৪ পরগনার নিমতায় উদ্ধার হল নিখোঁজ এক ব্যবসায়ীর দেহ। পুলিশ সূত্রে খবর, মৃত ব্যবসায়ীর নাম ভবো লাখানি। কলকাতার ভবানীপুরের বাসিন্দা ছিলেন তিনি। পরিবারের অভিযোগ, তাঁকে অপহরণ করা হয়েছে। তদন্তে নেমে নিমতার রবীন্দ্রপল্লিতে ভবিষ্যার ব্যবসায়িক

সঙ্গীর বাড়ি থেকে দেহ উদ্ধার হয়েছে। একটি জলের ট্যাকের নীচে দেহ লুকিয়ে রাখা হয়েছিল। দেহ বস্তাবন্ধি করে একটি জলের ট্যাকের নীচে রেখে দেওয়া হয় বলে জানা গিয়েছে। দীর্ঘ দিন নিখোঁজ থাকার পর বৃহবার মিছিল ওই ব্যবসায়ীর দেহ। উত্তর ২৪ পরগনার নিমতা এলাকায় একটি বাড়ির জলের ট্যাকের পাশে

ব্যবসায়ীর দেহ বস্তাবন্ধি করে পুতে রাখা হয়েছিল। শুধু তাই নয়। তার উপর তুলে দেওয়া হয়েছিল পাঁচিল। পুলিশ সূত্রে খবর, যে বাড়ি থেকে দেহ উদ্ধার হয়েছে, তার মালিক মৃত ব্যবসায়ীর পরিচিত। তাঁরা এক সঙ্গে ব্যবসা করতেন। প্রাথমিক তদন্তের পর পুলিশ মনে করছে ব্যবসায়িক শত্রুতার জেরে এই খুন।

সিএএ নিয়ে অ ভয় দিলেন গিরিরাজ, কেন্দ্রীয় মন্ত্রী বললেন কারও সমস্যা হওয়ার কথা নয়

পাটনা, ১৩ মার্চ (হি.স.): সিএএ নিয়ে অ ভয় দিলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। তিনি বলেছেন, ‘সিএএ নিয়ে কারও সমস্যা হওয়ার কথা নয়। এটা নাগরিকত্ব কেড়ে নেয় না, বরং নাগরিকত্ব প্রদান করে।’ গত সোমবার দেশে চালু হয়েছে সংশোধিত নাগরিকত্ব আইন

(সিএএ)। এই আইন কার্যকর হওয়ার পর থেকেই বিরোধীরা সমালোচনা করে আসছেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল, কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্ধারামাইয়া প্রমুখ সিএএ-র সমালোচনা করেছেন। এমতাবস্থায় সিএএ নিয়ে বিব্রান্তি

না ছড়ানোর অনুরোধ করেছেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। বৃহবার বিহারের রাজধানী পাটনায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ সিং বলেছেন, ‘সিএএ নিয়ে কারও সমস্যা হওয়ার কথা নয়। এটা নাগরিকত্ব কেড়ে নেয় না, বরং নাগরিকত্ব প্রদান করে।’

দৈনিক এক থেকে দেড় লক্ষ পুণ্যার্থী দর্শন করছেন রামমন্দির, জানাল শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র

অযোধ্যা, ১৩ মার্চ (হি.স.): রামনগরী অযোধ্যা এখন রামময়, দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিপুল সংখ্যক রামভক্ত রোহই অযোধ্যায় আসছেন। পুণ্যার্থীদের আগমনে নিত্যদিনই তৈরি হচ্ছে নতুন নতুন তীর্থ ক্ষেত্র জানিয়েছে দৈনিক এক থেকে দেড় লক্ষ পুণ্যার্থী দর্শন করছেন রামমন্দির। শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র বৃহবার এজ্ঞ

হ্যাভেলে জানিয়েছে, সকাল ৬.৩০ মিনিট থেকে রাত ৯.৩০ মিনিট পর্যন্ত রামমন্দিরে রামলালার দর্শন করতে পারবেন ভক্তরা। একইসঙ্গে জানানো হয়েছে, ‘ভক্তদের সুবিধার্থে এবং সময় বাঁচানোর জন্য তাঁদের মোবাইল ফোন, জুতো, পাস ইত্যাদি মন্দির প্রাঙ্গণের বাইরে রেখে আসার পরামর্শ দেওয়া হচ্ছে। অনুগ্রহ করে শ্রী রাম জন্মভূমি মন্দিরে ফুল, শহরের ত্যাগ দিলেই হবে।’

মালা, প্রসাদ ইত্যাদি আনবেন না। ভোর চারটেতে মঙ্গলা আরতির জন্য প্রবেশ, সকাল ৬.১৫ মিনিটে শ্রিংশ্রীর আরতি এবং রাত ১০টার শয়ন আরতি শুধুমাত্র একটি প্রবেশ পাস দিয়েই সম্ভব। অন্যান্য আরতির জন্য কোনও প্রবেশ পাসের প্রয়োজন নেই। প্রবেশের পাসের জন্য ভক্তের নাম, বয়স, আধার কার্ড, মোবাইল নম্বর এবং শহরের ত্যাগ দিলেই হবে।’

ঝাড়খণ্ডের বিধায়ক আশ্বা প্রসাদের বাড়িতে ১৮ ঘণ্টা ইউডি-র তল্লাশি, বিজেপিকে তোপ নেত্রীর

রাঁচি, ১৩ মার্চ (হি.স.): ঝাড়খণ্ডের কংগ্রেস বিধায়ক আশ্বা প্রসাদের বাড়িতে দীর্ঘ প্রায় ১৮ ঘণ্টা ধরে তল্লাশি অভিযান চালাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। নেত্রীর রাঁচির বাড়ি থেকে উদ্ধার হয়েছে বিপুল নগদ টাকা ও গুরুত্বপূর্ণ নথি। এদিকে, ইউডি-র এই অভিযানের প্রেক্ষিতে বিজেপিকে নিশানা করছেন কংগ্রেস নেত্রী। তিনি বলেছেন, ‘আমাদের টার্গেট করা হচ্ছে।’

রাঁচির বাড়ি থেকে বেগোতে দেখা যায় ইউডি-র আধিকারিকদের। ইউডি-র এই অভিযান প্রসঙ্গে আশ্বা তল্লাশি অভিযান চালান প্রসাদ বলেছেন, ‘খুব ভোরে তাঁরা আসে এবং তার পর থেকে সারাদিনের অত্যাচার ছিল। তাঁরা আমাকে একই জায়গায় ঘন্টার পর ঘণ্টা দাঁড় করিয়েছিল।’

আমাকে হাজারিবাগ লোকসভার টিকিটের প্রস্তাব দেওয়া হয়েছিল, যা আমি উপেক্ষা করেছি। তখন আমাকে চাপ দেওয়া হয়। তাঁরা আমাকে হাজারিবাগের একজন শক্তিশালী নেত্রী হিসেবে দেখেন, কারণ আমরা বারকাগীও আসনে ধারাবাহিকভাবে জয়লাভ করছি।’

গ্রেটার নয়ডায় আণ্ডনে পুড়ল ৬টি ধাভা ও দু’টি দোকান, ফাটল বেশ কিছু সিলিভার

নয়ডা, ১৩ মার্চ (হি.স.): উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় ভয়াবহ আণ্ডন লাগল রাস্তার ধারে অবস্থিত বেশ কিছু ধাভা। আণ্ডনে পুড়ে গিয়েছে ৬টি ধাভা ও দু’টি দোকান। বৃহবার সকালে গ্রেটার নয়ডার বিসরাখ ধানা এলাকায় রাস্তার ধারে অবস্থিত বেশ কিছু ধাভায় আণ্ডন লাগে। শটসাঁকিটের কারণে এই আণ্ডন লাগে বলে জানা গিয়েছে। আণ্ডন লাগার পর বেশ কয়েকটি সিলিভার বিনোয়ক হয়, এর ফলে আণ্ডন আরও ভয়াবহ রূপ নেয়। দমকলের ১০টি ইউনিটের বেশ কয়েক যন্ত্রাণ্ডন আণ্ডন আয়ত্তে এসেছে। এই অধিকাংশ কেউ হতাহত হননি। পুলিশ ও দমকল জানিয়েছে, আমরা গুড সিটি সার্কেলের কয়েকটি ধাভায় আণ্ডন লাগার খবর পাই। তৎক্ষণাৎ আণ্ডনে নেভাতে রওনা শেষ দমকলের কয়েকটি প্রদীপ কন্ট্রোল বসেছেন, দমকলের ১০টি ইউনিট আণ্ডন নিয়ন্ত্রণে এনেছে।



ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্নেল অমর চাঁদ সরকার বৃধবার মুখ্যমন্ত্রীর সরকারি কার্যালয়ে মুখ্যমন্ত্রী ত্রাণ তথ্যবিধি তিন লক্ষের আর্থিক রাশি তুলে দেন।

উদয়পুরে পোর্টাল অনুষ্ঠানে রাজ্যপাল

আগরতলা, ১৩ মার্চ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে প্রধানমন্ত্রী সামাজিক উত্থান ও রোজগার আধারিত জনকল্যাণ কর্মসূচিতে পিএম-সুর্যা জাতীয় পোর্টালের সূচনা করেন। অনুষ্ঠানটি আজ বিকেলে গোমতী জেলার রাজর্ষি টাউন হলে ভার্চুয়ালি সম্প্রচার করা হয়। এই সম্প্রচার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেব রায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র

মজুমদার, জেলাশাসক তডিৎ কাশি চাকমা প্রমুখ। কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রকের উদ্যোগে এই পোর্টালের সূচনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, পিএম-সুর্যা প্রকল্প পশ্চাদপদ শ্রেণীর মানুষের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রক সমাজের সকল অংশের মানুষের উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছে। তাছাড়াও দুর্বল ও পশ্চাদপদ শ্রেণীর ছাত্রছাত্রীদের স্কলারশিপ, এসসি/ওবিসি এবং সাফাই কর্মচারীদের জন্য শিক্ষার সুযোগ

করে দিতে কাজ করছে। তাদের ক্ষমতায়ণে সহজ শর্তে ঋণের ব্যবস্থা করা হয়েছে। রাজ্যপাল বলেন, সাফাই কর্মীরা হচ্ছেন সমাজের সবচেয়ে দুর্বল শ্রেণীর লোক যাদের সবচেয়ে কম সামাজিক সুরক্ষার সুবিধা রয়েছে এবং তারা জীবনের ঝুঁকি নিয়ে অস্বাস্থ্যকর পরিস্থিতিতে কাজ করে। এই পোর্টাল চালু হওয়াতে তারা এই বেশি লাভবান হবেন। অনুষ্ঠানে রাজ্যপাল উদয়পুর পুর পরিষদের আওতাধীন সাফাই কর্মীদের হাতে পিপিই কিট, নমস্কেট আয়ুমান কার্ড ইত্যাদি তুলে দেন।

মুখ্যমন্ত্রী

প্রথম পাতার পর টিএমসিতে চালু করা যায় সে বিষয়েও কর্তৃপক্ষের নজর দেওয়া প্রয়োজন। রাজ্যে ইতিমধ্যেই স্বাস্থ্যক্ষেত্রে বিভিন্ন পরিকাঠামো গড়ে উঠেছে। রাজ্যে ডেন্টাল কলেজ নির্মাণ, বিশ্রামগঞ্জ ডি-অ্যাডিকশন সেন্টার চালু এবং এজিএমসিতে মা ও শিশুদের জন্য একটি হাসপাতাল নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অনুমোদন দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, সময়েই চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে মানুষের প্রত্যাশা বেড়েছে, সেই প্রত্যাশাকে পূরণ করার দায়িত্ব আমাদের সকলের।

ট্রিপারের ধাক্কায় দুটি বাইক সহ স্কুটি ভেঙে চুরমার

নিজস্ব প্রতিনিধি, লত্তরাইহাটী, ১৩ মার্চ। দ্রুতগতিতে থাকা বেপরোয়া ট্রিপার দুটি বাইক ও স্কুটি ভেঙে চুরমার করে একটি দোকানঘরে আড়াই পড়ে। ঘটনা লত্তরাইহাটী মহকুমার ছৈলেংটা থানাধীন ময়নামা বাজারে ঘণ্টানার বিক্রেতা জানা যায়, ছৈলেংটা থেকে মনুর উদ্দেশ্যে যাচ্ছিল টিআর০৫-বি-১০৭৫ নম্বরের ট্রিপারটি। প্রত্যক্ষদর্শীদের মতে গাড়ির গতির দিক ছিল বেপরোয়া। ময়নামা বাজারে পৌঁছানোর পর গাড়ির চাকা চুরমার হয়ে যায় একটি স্কুটি তারপর একটি বাইককে সম্মুখে ধাক্কা দিয়ে পার্শ্ববর্তী একটি দোকানে আছড়ে পড়ে। অঙ্গের জন্য রক্ষা পায় স্কুটিচালক ও দোকানের মালিক। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় ছৈলেংটা থানার পুলিশ। ট্রিপারের সামান্দিক কেটে অতি কষ্টে চালককে উদ্ধার করে মনু ফায়ার সার্ভিস কর্মীরা। ট্রিপার চালক এবং গুরুতর আহত স্কুটি চালককে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এনএইচ ৮ রাস্তাটি নির্মাণের পর থেকেই গাড়ি গুলি বিধেয় করে ট্রিপার অস্বল্প গতিতে চলাচল করে। যেকোনো দিন বড় ধরনের অঘটন ঘটান সম্ভাবনা রয়েছে।

শান্তিবাজার জেলা হাসপাতালে জেনেরিক আধার মেডিসিন কাউন্সিলের সূচনা

নিজস্ব প্রতিনিধি, শান্তিবাজার, ১৩ মার্চ। রাজ্যসরকার লোকজনকে স্বাস্থ্যের দিকে লক্ষ্যের নানান প্রকল্প নিয়ে আসছে। রাজ্যসরকারের এই প্রকল্পগুলি সঠিকভাবে বাস্তবায়িত করতে বিগতদিনে দক্ষিন জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ ও শান্তির বাজার জেলা হাসপাতালের চিকিৎসক শাস্তুর জেলাশাসকের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়। এতেকরে সকল অংশের লোকজনেরা খোঁবি উপকৃত হবে। বৃধবার এক অনুষ্ঠানের মধ্যদিয়ে এই কাউন্সিলের সূচনা করেন মন্ত্রী শুক্লচরন নোয়াতিয়া। উল্লেখ্যকরে পাশাপাশি আজকের এই অনুষ্ঠান উপস্থিত শান্তির বাজার বিধানসভা কেন্দ্রের বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার সুরত দাস, দক্ষিন জেলাপরিষদের সভাপতি কাকড়ী দাস দত্ত, সহ সভাপতি বিভিন চন্দ্র দাস, শান্তির বাজার জেলা হাসপাতালে ছুটে আসেন। মন্ত্রী শুক্লচরন নোয়াতিয়া উনার বক্তব্যের মধ্যদিয়ে শান্তির বাজার জেলা হাসপাতালের চিকিৎসা পরিষেবা অনেকটা উন্নত হয়েছে। এইসকল চিকিৎসক থাকারফলে দক্ষিন জেলার পাশাপাশি রাজ্যের বিভিন্নপ্রান্ত থেকে লোকজনেরা চিকিৎসা পরিষেবার জন্য শান্তির বাজার জেলা হাসপাতালে ছুটে আসেন।

অবরোধ

প্রথম পাতার পর অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে প্রসঙ্গের উচ্চ পদস্থ আধিকারিকরা। তাঁরা অবরোধকারীদের সাথে কথাবার্তা বলেন এবং আশ্বাস দিয়েছেন দূত পানীয় জলের সমস্যা সমাধান করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে পথ অবরোধ প্রত্যাহার করেন তাঁরা।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ
জাগরণ পত্রিকার নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।
বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

সাতদিনব্যাপি জাতীয় সেবা প্রকল্পের সূচনা সাক্ষরমে

নিজস্ব প্রতিনিধি, সাক্ষর, ১৩ মার্চ। সাক্ষর মাইকেল মধুসূদন দত্ত সরকারি মহাবিদ্যালয়ে হয় ৭ দিনব্যাপি জাতীয় সেবা প্রকল্পের শুভারম্ভ। এই মহতি অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ এবং প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক শংকর রায়, সাক্ষর মহকুমার পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, মহাবিদ্যালয়ের শিক্ষক সংসদের সম্পাদক দিপঙ্কর দেব। উদ্বোধনী অনুষ্ঠানে এদিন সভাপতিত্ব করেন সাক্ষর মাইকেল মধুসূদন দত্ত সরকারি মহাবিদ্যালয় অধ্যক্ষ অনুপম গুহ।

এদিন এন এস এসের পতাকা উত্তোলন এবং স্বামী বিবেকানন্দের পত্নীক্রীতিতে মাল্যদানের মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। অনুষ্ঠানে রাজ্যপাল উপদেষ্টার পর উদ্বোধনী অনুষ্ঠানে উল্লেখক বিধায়ক মাইলাফু মগ বলেন - জাতীয় সেবা প্রকল্পের মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীরা নিজেদের সমাজের উৎসর্গ করার সুযোগ পেয়ে থাকে, সেই সুযোগকে কাজে লাগিয়ে ছাত্র-ছাত্রীদের উচিত সমাজে প্রচলিত কুসংস্কারকে দূরীভূত করার লক্ষ্যে দৃঢ়প্রতিজ্ঞ হয়ে কাজ করার প্রয়োজন রক্তদান এবং বৃক্ষরোপণের মতো সামাজিক কর্মকাণ্ডের নিজেদের অঙ্গীকার করা। তিনি আরো বলেন বর্তমান সমাজে নেশার কবলে পরে বিপথগামী হচ্ছে যুবসমাজ, বেড়ে চলাছে এইচআইভির মত মারণ ব্যাধি রোগীর সংখ্যা। ছাত্রদের প্রয়োজন এসমত বিষয়ের উপর যুব সমাজকে অধিকতর সচেতন করা।

তারপর অনুষ্ঠানে উপস্থিত সাক্ষর মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার তার বক্তব্যে ছাত্র-ছাত্রীদেরকে সড়ক সুরক্ষা সক্রান্ত বিষয়ে জনগণকে সচেতন করার জন্য পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। এদিন এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপস্থিত অন্যান্য অতিথিরা। সাত দিন ব্যাপি এন এস এসের এই শিবিরে অনুষ্ঠিত হবে বিভিন্ন সমাজসেবা মূলক কাজ, তারমধ্যে মধ্যে আগামীকাল বৃধবার মাইকেল মধুসূদন দত্ত মহাবিদ্যালয় এর এনএসএস ইউনিটের পক্ষ থেকে করা হবে এক রক্তদান শিবির।

নির্বাচন

প্রথম পাতার পর পদের জন্য মনোনয়নপত্র জমা দিয়েছেন ২জন। ভাইস প্রেসিডেন্টের ১টি পদের জন্য মনোনয়নপত্র জমা পাড়েছে ১টি। প্রেসিডেন্টের একটি পদের জন্য মনোনয়নপত্র জমা পাড়েছে ১টি।

মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৪ ই মার্চ। স্কুটিহে হতে ১৩ ই মার্চ। মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষ দিন হল ২০ মার্চ।

ট্রিপুরা বার এসোসিয়েশনের এবারের নির্বাচনে সর্বমোট ভোটার সংখ্যা ৫০০। নির্বাচনের রিটার্নিং অফিসার হলেন বরিশ্ট আইনজীবী সনীপ দত্ত চৌধুরী। তিনি জানিয়েছেন প্রতিবছর ভোটারের সংখ্যা নিরিখে দুজন সহকারী রিটার্নিং অফিসার থাকেন। তবে এবছর তিনজন সহকারী রিটার্নিং অফিসার থাকবেন নির্বাচনে। এদিকে বিজেপি দল আজকে মনোনয়নপত্র জমা দিয়েছেন। ২১ প্রবর খবর অনুযায়ী আগামীকাল কর্তব্য বৃহস্পতিবার বাম ও কংগ্রেস প্যান্ডেল মনোনয়নপত্র জমা দেবেন। বাবের ভোটে বামের নেতৃত্বের মিতালী দেখা যাবে বলে জোর চর্চা শুরু হয়েছে সংশ্লিষ্ট মহলে।

মুখ্যমন্ত্রী

প্রথম পাতার পর ইস্ট পলিসি গ্রহণ করেছেন তার সুবিধা এই অঞ্চলের রাজ্যগুলি দারণভাবে ভোগ করছে। এই নীতি গ্রহণ করে ত্রিপুরার চেহারাই পাল্টে যাচ্ছে। মৈত্রী সেতু চালু হলে ত্রিপুরা দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বারের রূপান্তরিত হবে। ডায়াল অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়নমন্ত্রী বীরেন্দ্র কুমার জািন, আজ যে পোর্টালের সূচনা হয়েছে এর মাধ্যমে যে কেউ ১৫ কোটি টাকা পর্যন্ত ঋণের জন্য আবেদন করতে পারবেন।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তপস রায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কয়েকজন সুবিধাভোগীর হাতে ত্রিপুরা সিডিউন্ড কাউন্সিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের পক্ষ থেকে ৪৫ হাজার টাকার ঋণের অনুমোদনপত্র তুলে দেওয়া হয়। এছাড়াও ৫ জনের হাতে আয়ুমান কার্ড তুলে দেওয়া হয়। নগরোন্নয়ন দপ্তরের পক্ষ থেকে ২ জন সাফাই কর্মীকে পিপিই কিট দেওয়া হয়। মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ তাদের হাতে এগুলি তুলে দেন।

অনুষ্ঠানে পিএম-সুর্যা (প্রধানমন্ত্রী সামাজিক উন্নয়ন এবং রোজগার আধারিত জনকল্যাণ) জাতীয় পোর্টালের সূচনা অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়। মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ এই অনুষ্ঠান প্রত্যক্ষ করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সমস্ত দেশবাসীর উদ্দেশ্যে আজ এই পোর্টালের উদ্ভিষ্টারিয়ামে আয়োজিত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তপশিলি জাতি কল্যাণ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্র।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চার রাজ্যের ৪ জন লাভার্থীর সঙ্গে সরাসরি কথা বলেন এবং কিভাবে তারা সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা পেয়ে নিজেদের সামনের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন সেই সম্পর্কে অবহিত হন। দেশের ৪৭০টি জেলার প্রায় ৩ লক্ষ লোক এই অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হয়েছিলেন।

সুশান্ত

প্রথম পাতার পর এদিন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রাজ্যের বিজেপি সরকারের নায়ক ও গ্রামোন্নয়নের কর্মসূচির প্রতি এই উদ্যোগ এক উজ্জ্বল ভবিষ্যতের প্রতি আরেকটি পদক্ষেপ। পাশাপাশি মন্ত্রী তার বক্তব্যে বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ গুলি তুলে ধরেন। তিনি আরও বলেন, আরেকটি দীর্ঘ বছরের অপরূপ দীর্ঘ ও স্বপ্ন বাস্তবে পরিণত হতে চলেছে মোহনপুর বাজারের বাবসানী বন্ধুরা গত বিধানসভা নির্বাচনের আগে মোহনপুর বাজারের বাবসানী বন্ধুদের তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন এখন একটি অ্যাডমিনিস্ট্রেশন কর্তৃক প্রচেষ্টা হিসেবেই আজকের এই ভিত্তিপ্রস্তর স্থাপন। এই মার্কেট স্টল নির্মাণের ফলে আশ্রিন্ডরতার দিকে এগিয়ে চলা বেকারদের জন্য লাভজনক হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উদ্ধার

প্রথম পাতার পর আমবাসা দিয়ে বিপুল পরিমাণ নেশা সামগ্রী পাচার করা হবে। সেই আসাম রাইফেলসের জওয়ানারা অভিযান চালানো হয়েছিল। তন্নাশি চালিয়ে ৯.২ লক্ষ টাকা মূল্যের ২৩ কেজি গাজা বাজারগু করে দে এবং তিনজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আগুনে পুড়ে ছাই হয়ে দুটি ঘর

নিজস্ব প্রতিনিধি, কমতলা, ১৩ মার্চ। আগুনে পুড়ে ছাই হয়ে গিয়েছে দুটি ঘর। উত্তর ত্রিপুরা জেলার কমতলা থানার বড়গাড়া গ্রাম পঞ্চায়তের এক নম্বর ওয়ার্ডের পশ্চিম আমটিলায় এলাকায় বাসিন্দা বীরেন্দ্র নাথের ঘরে গতকাল গভীর রাতে আগুন লেগেছিল। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গেছে দমকল বাহিনী। পরিবারের জনৈক সদস্য জানিয়েছেন, গতকাল রাত আনুমানিক সাড়ে দশটা নাগাদ ঘরে আগুন লাগার দৃশ্য প্রত্যক্ষ করেন বাড়ির মালিক বীরেন্দ্র নাথ। তখন তার চিংকার চেঁচামেচিতে আশপাশের লোকজন জড়ো হন। স্থানীয় মাঝে মাঝে দমকল বাহিনীকে খবর দেন। কিন্তু অগুনের তেলিহান শিখায় গোটা ঘর পুড়ে ছাই হয়ে গেছে। প্রথমে প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে এসেছে।

নারী শক্তি, খেলাধূলা ও নেশামুক্তির উপরে একমক পার্লামেন্ট অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৩ মার্চ। নারী শক্তি, খেলাধূলা ও নেশামুক্তির উপরে এক মক পার্লামেন্ট অনুষ্ঠিত হয় কালাছড়া ব্লকের প্রত্যেকরায় কমিউনিটি হলে। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা করেন ত্রিপুরা রাজ্য বিধানসভার বাগবাসা কেন্দ্রের বিধায়ক যাবল দেবনাথ। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলা পুলিশ অধিক্ষক আনুপদ চক্রবর্তী। স্বাগত বক্তব্য রাখেন জেলা যুব আধিকারিক নেহরু যুব কেন্দ্র উত্তর ত্রিপুরা কুনাল গৌতম। অনুষ্ঠানে নারী শক্তি, খেলাধূলা এবং নেশা মুক্তির উপরে এক মক পার্লামেন্ট অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন অ্যান্টিস্ট্যান্ড ডাইরেক্টর যুব ও ক্রীড়া দপ্তর উত্তর ত্রিপুরা বিভাগসু গোস্বামী। উনি খেলাধূলা বিষয়ক বিভিন্ন বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা রাখেন। নেশা মুক্তির উপর আলোচনা রাখেন এসটিডি কাউন্সিলর উত্তর ত্রিপুরা রাজ্য ভৌমিক। অনুষ্ঠানে বিশেষ অতিথি জেলা পুলিশ অধিক্ষক উনার বক্তব্যে সাহাবরা ক্রাইম, নারী সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর আলোচনা রাখেন। উপাধক এর বক্তব্যে শ্রী দেবনাথ এই ধরনের যুব সংসদ অনুষ্ঠানের মাধ্যমে নারী পুরুষ যুবক-যুবতী প্রত্যেককে এগিয়ে এসে বিকশিত ভারত গড়ার র আহ্বান রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন স্বস্বহায়ক দলের সদস্য এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী বৃন্দ, নেহরু যুব কেন্দ্র স্বেচ্ছাসেবক অংশগ্রহণ করেন। ধনাবাদ বক্তব্য রাখেন উজ্জ্বলনী সামাজিক সংস্থার কণধার রণদীপ রুদ্দ পাল।

নারী দিবস উপলক্ষ্যে সিপিএম'র হলসভা

নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১৩ মার্চ। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে "হিংসার রাজনীতিক পরাস্ত করো" "গণতান্ত্রিক অধিকার রক্ষা করো" এই আহবানে সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি ও সারা ভারত সমকর্মী নারী সমন্বয় কমিটি কমলপুর মহকুমা কমিটির উদ্যোগে হালহালি সিপিআই (এম) অফিসে এক হলসভা অনুষ্ঠিত হয়। এই হলসভার সভাপতিমন্ডলীতে ছিলেন মঞ্জু পাল ও উষা ধর। বক্তব্য রাখেন সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতির সেক্রী কল্যাণী রায়, খনা দাস ও শ্রমিক নেতা এবং প্রাক্তন বিধায়ক অঞ্জন দাস ও দেবাশিষ দাস। বক্তারা বলেন উন্নতিহারা কেজের ঘটা কমানো ও ন্যায় মঞ্জুরী, সুস কাণের পরিবেশ ও ভোটারদের দাবীতে দর্জি মহিলা শ্রমিকরা ১৮৫৭ সালের ৮ ই মার্চ মিছিল ও ধর্মঘটের ডাক দেয় এই আন্দোলনে পুলিশ আহ্বান সংগঠিত করেছিল। ১৯১০ সালে সমাজতান্ত্রিক মহিলাদের দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনে ক্লারা জেটকিন আন্তর্জাতিক নারী দিবস পালনের প্রস্তাব দিলেন এবং এই প্রস্তাব সর্বস্বায়তিক্রমে গৃহীত হল। এদিন নেতৃত্বর্যে বলেন, এই নারী দিবসে শপথ নিতে হবে পশ্চিমবঙ্গের অত্যাচারিত সন্দেখখালির মা বোনোরা যেভাবে বিপ্লবী হয়ে উঠেছেন সেইভাবে সকল নারীরা ঐক্যবদ্ধভাবে সমস্ত অন্যায় অবিচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

গ্রামোন্নয়ন সচিব

প্রথম পাতার পর করা হবে। মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্টের উদ্দেশ্যে স্টার্ট-আপ ডিভিশন এন্টারপ্রেনারশিপ কর্মসূচি বাস্তবায়নের জন্য ভারত সরকারে গ্রামোন্নয়ন মণালয় রাজ্যের ২টি ব্লক সাতচাঁদ এবং মাতাবাড়ি ব্লককে চিহ্নিত করেছে।

২০২৩-২৪ অর্থবছরে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের অধীনে ৫ হাজার ৮৪৩টি মহিলা স্ব-সহায়ক দল গঠন করা হয়েছে। যার মধ্যে ৮১ হাজার ৩৩১টি গ্রামীণ পরিবারকে যুক্ত করা হয়েছে। এখন পর্যন্ত ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের আওতায মোট ৪.৬৮, ২৫.৬টি দরিদ্র গ্রামীণ পরিবারকে ৫১, ৫৫৫টি মহিলা স্ব-সহায়ক দলে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন ২৬.১১ কোটি টাকা রিভলভিং ফান্ড হিসেবে, ১৮২.২৭ কোটি টাকা কমিউনিটি ইনভেস্টমেন্ট ফাণ্ড হিসেবে স্ব-সহায়ক দলের মধ্যে প্রদান করেছে। গ্রামীণ সংগঠনগুলিকে ৯.০৩ কোটি টাকা ডানল্যারেবিভিটি রিডাকশন ফাণ্ড হিসেবে প্রদান করা হয়েছে। স্ব-সহায়ক দলের সদস্যদের জীবিকার কার্যক্রমকে উন্নত করার জন্য ২০২৩-২৪ অর্থবছরে মোট ৪০৫.৯৩ কোটি টাকা ব্যাঙ্ক ঋণ হিসেবে প্রদান করা হয়েছে। এরফলে এখন পর্যন্ত প্রদত্ত ব্যাঙ্ক ঋণের পরিমাণ হয়েছে ১১২৭.৪১ কোটি টাকা। স্ব-সহায়ক দলগুলির সুবিধার্থে এখন পর্যন্ত ৬০০টি কাষ্টম হায়ারিং সেন্টার স্থাপন করা হয়েছে। এরমধ্যে চলতি অর্থবছরে প্রায় ১২১টি কাষ্টম হায়ারিং সেন্টার স্থাপন করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে গ্রামোন্নয়ন দপ্তরের ইঞ্জিনিয়ারিং শাখার তথ্য তুলে ধরে সচিব জানান, সাম্পতিককালে ৪টি সার্কুলে, ৬টি ডিভিশন এবং ১৯টি সাব-ডিভিশন অফিস নতুনভাবে চালু করা হয়েছে। গ্রামোন্নয়ন দপ্তর ই-সঞ্চালন নামে একটি ওয়েব পোর্টাল তৈরী করেছে, যা শীঘ্রই চালু করা হবে। সচিব গ্রামোন্নয়ন (পঞ্চায়ত) দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক তথ্য তুলে ধরে জানান, দপ্তর গ্রাম অর্থস্বয় নামে একটি উজ্জ্বলনী প্রকল্প চালু করেছে। এই প্রকল্পে প্রায় ২০০ জন জনপ্রতিনিধি এবং সরকারি কর্মচারি অংশগ্রহণ করেছেন। তিনি জানান, ত্রিপুরা হলো দেশের অন্যতম রাজ্য যেখানে প্রতিটি গ্রাম পঞ্চায়ত, ভিলেজ কমিটি, পঞ্চায়ত সমিতি, ব্লক উপদেষ্টা কমিটি এবং জেলা পরিষদগুলি গ্রামীণ এলাকার জনগণ থেকে ট্যাক্স ও নন ট্যাক্স রেভেনিউ ইউপিআই-এর মাধ্যমে সংগ্রহ করেছে। তিনি জানান, রাজ্যের পঞ্চায়তী রাজ ব্যবস্থা গ্রামোন্নয়নে বিভিন্ন দিক সম্বন্ধে অবহিত হতে আসাম এবং মহারাষ্ট্র থেকে জনপ্রতিনিধি এবং সরকারি কর্মচারদের দুটি প্রতিনিধিদল ত্রিপুরায় এসেছিল। সচিব জানান, আসাম সরকার পোর্টাল চালু হওয়ার পর থেকে এখন পর্যন্ত পোর্টালে মোট ৫০,৩৫১টি সমস্যা উঠে আসে। এরমধ্যে ৪০,৯২২টি সমস্যা সমাধান করা হয়। সচিব জানান, পঞ্চায়ত ডেভেলপমেন্ট ইনভেস্টমেন্ট কর্মসূচিতে রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়তে ও ভিলেজ কমিটিগুলি গ্রামোন্নয়নের বিভিন্ন ক্ষেত্র যেমন পল্লিকার্মা, স্বাস্থ্য, শিক্ষা, পানীয়জল, শিশু এবং মহিলাদের সামাজিক অবস্থানের বিষয়ে তাদের নিজেদের অবস্থান সংশ্লিষ্ট পোর্টালে আপলোড করবে। এই কর্মসূচির প্রক্রিয়া শাখা হওয়ার পর পঞ্চায়ত ও ভিলেজ কমিটিগুলি কোন জায়গায় অবস্থান করছে তার সামগ্রিক চিত্র পাওয়া যাবে। সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের অতিরিক্ত সিইও অজিত শুক্লদাস, পঞ্চায়ত দপ্তরের অধিকাংশ প্রস্নু দে এবং গ্রামোন্নয়ন দপ্তরের চীফ ইঞ্জিনিয়ার সাগর সোভন দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন।

ক্রীকে মেরে বাড়ি থেকে বের করে দিল স্বামী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ। ক্রীকে মারধর করে বাড়ি থেকে বের করে দেওয়ার অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। অবশেষে বামুটিয়া ফাঁড়ির পুলিশের কাছে নালিশ দিল গৃহবধু। ঘটনা বামুটিয়ার দাসপাড়া এলাকায়। অভিযোগ বিকাশ দাস নামে তাঁর স্ত্রী রিতা সরকারকে মারধর করে বাড়ি থেকে বের করে দিয়েছে। বিয়ে হয়েছে প্রায় চার বছর। তেলিগামুড়ার মহর ছাড়ার নিবাসী জগন্নাথ সরকারের মেয়ে রিতা সরকারের বিয়ে হয়েছিল বামুটিয়ার দাসপাড়া এলাকার বিকাশ দাসের সাথে। বিয়ের কিছু দিন পর থেকেই গুরুত্ব হয়েছিল অত্যাচার। বর্তমানে অত্যাচারে মাত্রা বৃদ্ধি পেয়েচর বলে অভিযোগ। বেশ কয়েকদিন যাবত গৃহবধুকে মারধর করে বাড়ি থেকে বের করে রেখে দিলে স্বামী। বিগত চারদিন যাবত বাড়ি ছাড়া গৃহবধু। পড়ার বিভিন্ন জ্ঞানের বাড়ি তে ঘুরে ঘুরে বাত কটাচ্ছেন তিনি। অবশেষে মঙ্গলবার ছুটে এলা বাবার বাড়ির লোকেরা। বামুটিয়া পুলিশ ফাঁড়িতে গিয়ে নিগৃহীতা এবং বাবার বাড়ির লোকেরা গোটা বিষয়টি জানিয়েছেন পুলিশকে। উনারা দাবি করেছেন যে অভিযুক্ত বাবাকে এই নির্বাচিত মনব একটা সুরাহা কবংক পুলিশ। আবে। অভিযোগ গৃহবধুর বিভিন্ন জামাকাপড় আওন দিয়ে পুড়িয়ে দিয়েছে স্বামী। এই অবস্থাতে গৃহবধু এই বাড়িতে থাকলে তার ওপর আবে আক্রমণ হতে পারে এই ভয়ে গৃহবধুকে নিয়ে গেছে বাবার বাড়ির লোকেরা।

পূরস্কৃত ত্রিপুরা

প্রথম পাতার পর জিএসডিপি, পর্যটক আগমনের সংখ্যা, পোর্টসেক্ষেত্র, যোগাযোগ ব্যবস্থা, পরিকাঠামো, বিপনন এবং স্বজ্জায়ণ ইত্যাদি সমীক্ষার আপেক্ষিক প্রতিযোগিতার মূল্যায়ন করা। এই সংস্থার দ্বিবার্ষিক রিপোর্টে উপরোক্ত ক্ষেত্রগুলির বিচারে ত্রিপুরা দ্বিতীয়স্থান অর্জন করেছে। ত্রিপুরা দ্বিতীয় উন্নয়ন নিগাম থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

আন্দোলন প্রত্যাহার লরি চালকদের

নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ১৩ মার্চ। অবশেষে রাজ্য সরকারের উচ্চ পদস্থ আধিকারিকদের হস্তক্ষেপে আন্দোলন প্রত্যাহার করলো লরি চালকরা। এই বিষয়ে চুরাইবাড়ি থানার গুই সমরেশ্ব দাসকে সঙ্গে নিয়ে ভারতীয় মজদুর সংঘের সম্পাদক বিপ্লব দাস জানিয়েছেন, লরি চালকদের দাবি মানা হয়েছে। আগামী কিছু দিনের মধ্যে চুরাইবাড়ি পুলিশ নাকা পয়েন্টে স্ক্যানার মেশিন বাসনো হবে। সেই সঙ্গে চুরাইবাড়ি এলাকায় লরি চালকদের জন্য পানীয় জলের ব্যবস্থা সহ শৌচাগারের নির্মাণ করে দেওয়া হবে। বর্তমানে তন্নাশি অভিযান চালিয়ে যাওয়ার জন্য লেবার বাড়ানো হবে নাকা পয়েন্টে। এই কথা শুনার পর সন্ধ্যা ছয়টায়ে আন্দোলন প্রত্যাহার করে লরি চালকরা।

ফাইনাল ম্যাচ ড্র : লিড নিয়ে কর্ণেল সি কে নাইডু ট্রফিতে চ্যাম্পিয়ন কর্ণাটক

রঞ্জি চ্যাম্পিয়নের লক্ষ্যে মুম্বাই বড় চ্যালেঞ্জের সম্মুখীন বিদর্ভ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। রঞ্জি চ্যাম্পিয়ন এর অনেকটা কাহাকাছি পৌঁছেছে মুম্বাই। তবুও বিদর্ভ চাইছে শেষ সময়ে একটা মরণ কামড় দিতে। বড় চ্যালেঞ্জের সম্মুখীন বিদর্ভ এখন। ঐতিহাসিক রঞ্জি ট্রফিতে চ্যাম্পিয়ন হতে গেলে বিদর্ভের সামনে আরো ২৯০ রান প্রয়োজন।

হাতে উইকেট পাঁচটি। খেলার বাকি পুরো একদিন। উইকেটে টিকে থাকা অধিনায়ক ওয়াডকার (অপরাজিত ৫৬) এবং হর্ষ দুবে (অপরাজিত ১১) জুটির দিকে তাকিয়ে পুরো বিদর্ভ। পরবর্তী যে আরও চারজন শিরিরে রয়েছে তারা মূলতঃ বোলার। শেষ দিনে শেষ পাঁচ ব্যাটসম্যানকে কতটুকু এগিয়ে নিতে পারে তাই এখন হাজার টকার প্রশ্ন। আগামীকাল ম্যাচের অস্তিম দিনে শুধু চ্যাম্পিয়ন ঘোষণার অপেক্ষায়। প্রথম ইনিংসে ১০৫ রানে গুটিয়ে

ফাইনাল ম্যাচ ড্র : লিড নিয়ে কর্ণেল সি কে নাইডু ট্রফিতে চ্যাম্পিয়ন কর্ণাটক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। প্রত্যাশিতভাবেই কর্ণেল সি কে নাইডু ট্রফি এবার কর্ণাটকের ঘরে। ফাইনাল ম্যাচ ড্র তে নিষ্পত্তি হয়েছে, তবে প্রথম ইনিংসে লিড নেওয়ার সুবাদে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হয়েছে কর্ণাটক। ফাইনালে প্রতিপক্ষ উত্তর প্রদেশ যথেষ্ট লড়ায়ে কর্ণাটকের বিশাল স্কোর

তাড়া করে সাফল্য অর্জন সম্ভব হয়নি। এবারের মত উত্তর প্রদেশকে রানার্স খেতাবেই সন্তুষ্ট থাকতে হয়েছে। বেসলুর্কর এম চিন্মাস্বামী স্টেডিয়ামে রবিবার প্রথম দিন প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে কর্ণাটক ৩৫৮ রান সংগ্রহ করলে জবাবে উত্তর প্রদেশের প্রথম ইনিংসে ১৪৯ রানে থেমে যেতেই

এবং প্রকার ৮৬ রানে আউট হলেও অনীশ ১৭১ রানে, সঙ্গে ক্রুথিক কুষ্ণ ৩৪ রানে উইকেটে ছিলেন। বৃহবার, ম্যাচের অস্তিম দিনে আরও ৩০.৫ ওভার খেলে অবশিষ্ট ৫ উইকেটে ১৪১ রান যোগ করে ৫৮৫ রানে দ্বিতীয় ইনিংস শেষ করে। জয়ের জন্য বিশাল রানের টার্গেট নিয়ে উত্তর প্রদেশ দ্বিতীয় ইনিংসের খেলা শুরু

সিনিয়র মহিলাদের টি-টোয়েন্টি ক্রিকেটে তরুণ সংঘ ও জুটমিল প্লে সেন্টার জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। দুর্দান্ত জয় পেয়েছে তরুণ সংঘ। ৯ উইকেটের ব্যবধানে চাম্পামুরা কোচিং সেন্টার কে হারিয়ে। টিসিএ আয়োজিত সিনিয়র মহিলাদের আমন্ত্রণমূলক টি-টোয়েন্টি ক্রিকেটে তালতলা স্কুল মাঠে সকালের ম্যাচে চাম্পামুরা প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে নির্ধারিত ২০ ওভারে আট উইকেটে ৫১ রান সংগ্রহ করলে জবাবে তরুণ সংঘ ৩৫ বল খেলে ১ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। বিজয়ী দলের প্রিয়ান্বিতা সাহা পেয়েছে প্রায় ১০০ রান ম্যাচের খেতাব। এদিকে, লড়াই করলো নবাগত লালবাহাদুর ব্যামাগারের বালিকা ক্রিকেটাররা। লড়াই করলেও তা প্রাথমিক তুলনায় কম ছিলো। যার ফেসারত দিতে হলো দলকে। আসরে নিজেদের প্রথম ম্যাচে হারলো শক্তিশালী জুটমিল প্লে সেন্টারের বিরুদ্ধে। তালতলা স্কুল মাঠে। বৃহবার। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র মহিলাদের আমন্ত্রণমূলক টি-২০ ক্রিকেটে। সকালে টমে জয়লাভ করে প্রথমে ব্যাট

করতে নেমে লালবাহাদুর ব্যামাগারের ক্রিকেটাররা স্কোরবোর্ড সচল রাখার থেকে উইকেট টিকে থাকার উপর জোর দেন। দলের পক্ষে বেশি নোয়াতিয়া ২৫ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৭ এবং প্রিয়ান্বিতা নোয়াতিয়া ১৪ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১০ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৬ রান। জুটমিল প্লে সেন্টারের পক্ষে নিকিতা দেবনাথ ২০ রানে ২ টি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ১১.৪ ওভারে ৪ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় জুটমিল প্লে সেন্টার। দলের পক্ষে ত্রিপুরা সিনিয়র দলের ক্রিকেটার শিউলি চক্রবর্তী ১১ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২ রানে এবং নিকিতা দেবনাথ ৩২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৫ রানে অপরাজিত থেকে যান। এছাড়া ইন্দ্রপ্রাণী জমাতিয়া ১১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন।

সুপারে জয়ের হ্যাটট্রিক সফুলিপের দ্বৈপায়নের বোলিংয়ে কুপোকাং ফ্রেডস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। ফ্রেডস-এর বিজয় রথ খামালো সফুলিপে। গেলো বছর নিজেদের সফুলিপে ছিন্দে প্রচুর উইকেট। তাঁর বাঁ হাতের ভেলকিতে কুপোকাং হয়েছিলেন বহু ব্যাটসম্যান। তার পরও কোমণ্ড এক অজ্ঞাত কারনে ত্রিপুরা দলে জায়গা পাননি দ্বৈপায়ন ভট্টাচার্য। ওই দুঃখ যে তাড়িয়ে বেরাচ্ছে মরুসমের শুরু থেকেই বুঝিয়ে দিচ্ছেন। শেষ ম্যাচে ৪ উইকেট নেওয়ার পর বৃহবার ৫ উইকেট তুলে নিয়ে সফুলিপে ক্লাবকে আসরের দ্বিতীয় জয় এনে দিলেন দ্বৈপায়ন। পরাজিত করলো চান্দা ২ ম্যাচে জয় পেয়ে লিগ টেবিলের শীর্ষে থাকা ইউনাটেড ফ্রেডসকে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। টি আই টি মাঠে লো স্কোরিং ম্যাচে মূলত দ্বৈপায়নের ভেলকিতে কুপোকাং হলো ইউনাটেড ফ্রেডস। সকালে ৪ টি উইকেট করে সফুলিপে ক্লাব মাত্র ১৪৮ রান করতে সক্ষম হয়। প্রাথমিক ব্যর্থতার পর দলকে খাদের কিনারা থেকে কার্যত তুলে

আনেন সাগর শর্মা। সাগর ৬৫ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৬ রান করেন। এছাড়া দলের পক্ষে সহচর সিংহা ৪৭ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ৩৮ এবং অর্কপ্রভ সিংহা ২৪ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২০ রান করেন। ইউনাটেড ফ্রেডসের পক্ষে ঋত্বিক শ্রীবাস্তব ২৩ রানে ৪ টি দলনায়ক রজত দে ২৮ রানে ৩ টি এবং অভিজিৎ দেববর্মা ২৭ রানে ২ টি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে দ্বৈপায়নের

২০২০ সালের পর প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার-ফাইনালে উঠল বার্সেলোনা

বার্সেলোনা, ১৩ মার্চ (হিস.): ম্যাচ শুরু ৩ মিনিটের মধ্যেই ২ গোল করল বার্সেলোনা। ফেরার্নান্দো লোপেস ও জোয়াক্যান সেলসের গোলে স্বাগতিকরা এগিয়ে যায়। বিরতির পর কাতালানা দলটির আক্রমণের বড় বজায় রাখল। তবে ম্যাচের ৩০-তম মিনিটে ব্যবধান কমায় নাপোলি। গোলটি করেন রাহমানি। ম্যাচের শেষ দিকে রবার্তেলোভানডোভিক্স আরও একটি গোল করলেন। ঘরের মাঠে জিতে চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার-ফাইনালে পৌঁছে গেল শাভি এর্নান্দেসের দল। চ্যাম্পিয়ন্স লিগে নকআউট পরে ১৩ ম্যাচে লেভান্টোরের গোল হল ১৩টি। অলিম্পিক স্টেডিয়ামে মঙ্গলবার রাতে শেষ বোলার ফিরতি লেগে বার্সেলোনা ৩-১ গোলে ম্যাচ জিতল। এরফলে ২ লেগ মিলিয়ে ৪-২ গোলে জিতে শেষ ৮-এ চলে গেল স্প্যানিশ চ্যাম্পিয়নরা।

২০২০ সালের পর চ্যাম্পিয়ন্স লিগের শেষ ৮-এ উঠল প্রতিযোগিতার ৫ বাবের চ্যাম্পিয়ন বার্সেলোনা।

বিদর্ভকে প্রচড

চাপের মুখে ফেলে রঞ্জি চ্যাম্পিয়নের দোরগোড়ায় মুম্বাই

PRESS NOTICE INVITING E-TENDER NO. - 35/NP:CO/KMP/2023-24.
The Executive Officer, Nagar Panchayat, Kamalpur, Dhalai, Tripura invites on behalf of the C m Tripura percentage rate e-tender to bid 24X7 until the time of Bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e-procurement website will not allow any Bidder to attempt, after the scheduled date and time. Submission of bids, physically is not permitted.

Sl. No.	Name of Work.	Estimated Cost.	Earnt Money.	Time for completion	Last date for receipt of Bid documents (By the Employer)	Time & Date of Opening of Bid	Document Downloading Application	Class of Bidder.
1	Construction & setting up of Electric Cremation furnace at near the Dhalai Bridge ward No. 04 of Kamalpur Nagar Panchayat.	Rs. 1,05,94,780/-	Rs. 2,11,896/-	180 (One Hundred Eighty) Days	Upto to 15.04.2024	At 11.00 Hrs. on 16.04.2024	https://tripuratenders.gov.in	Appropriate Class

Eligible bidders shall participate in bidding only in online the: gh website https://tripuratenders.gov.in Bidders are allowed to bid 24X7 until the time of Bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e-procurement website will not allow any Bidder to attempt, after the scheduled date and time. Submission of bids, physically is not permitted.

Bid fee and earnest money deposit are paid electronically through online payment system facility provided in the portal up to last date and time for bidding as scheduled. The amount of Bid Fee is equal to (Based on estimated cost put to tender) 1000 (Upto 50 Lakh) 4000 (above 50Lakh upto: 150 Lakh), 8000 (above 150 Lakh upto 600 Lakh) & 10,000 (above 600 Lakh) is non-refundable. The bidder's EMD amount shall be refunded to the bidder after Award of Contract (AoC) event is completed in the Tripura e-procurement portal and only on receipt of "Deposit-at-call" from the L-1 bidder in physical form. .

Bid(s) shall be opened through online by respective Bid openers on behalf of the Executive Officer Kamalpur Nagar Panchayat, Kamalpur Dhalai, Tripura and the same shall be accessible by intending Bidder through website https://tripuratenders.gov.in. However, intending bidders and other Bidders may like to be present at the bid opening. For any -q., query, please contact by e-mail to kamalpur.np@gmail.com.

The L1 bidder should produce the original documents related with the tender/bid to the O/O the sines: Officer, Kamalpur Nagar Panchayat, Kamalpur, Dhalai, Tripura for verification in physical form as per issue of notice.

Details of the tender/bid can be seen in the DNIeT of work.

If the last date of opening of e-Tender/Bid remain closed/paralyzed due to unavoidable circumstances, the Opening date of tender/Bid will automatically be extended up to the same time and venue of next working day.

Note :-
"No NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER"

ICA/C-5193/24

Executive Officer
Nagar Panchayat
Kamalpur Dhalai Tripura

PNleT No.: 43/NleT/EE-KLP/PWD (DWS)/2023-24 Date: 11/03/2024
The Executive Engineer, DWS Division, Kalyanpur, Khawai District, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage /item rate e-tender in single-/-two bid system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/ Firms/Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/ Gov't Organization of other State & Central for the following work:

Sl No	DNIeT No.	Estimate Cost	Earnt Money	Time for completion	Cost of Bid Fee
1	55/CE/PWD/DWS/2023-24	Rs. 15,79,87,142.00	Rs. 31,59,743.00	150 days	Rs. 10,000.00
2	56/CE/PWD/DWS/2023-24	Rs. 8,98,42,401.00	Rs. 17,96,848.00	150 days	Rs. 10,000.00

Last date and time for document downloading and bidding: 01/04/2024 up to 15:00 hrs
Time and date of opening of bid: 01/04/2024 at 16:00 hrs
Document downloading and bidding at application: https://tripuratenders.gov.in
Class of bidder: Appropriate Class
All ast are available in the https://tripuratenders.gov.in & https://eprocure.gov.in

ICA/C-5187/24

(ER. SANJOY DEBNATH)
Executive Engineer
DWS Division, Kalyanpur
Khawai Tripura

Notice Inviting e-tender
PNle-T- 62/EE/RD/BSGD/SPJ/2023-24/6027 dt. 11/03/2024
The Executive Engineer, R.D. Bishramganj Division, Bishramganj, Sepahijala District, Tripura invites on behalf of the 'Governor of Tripura' Percentage rate two bid system e-tender from the eligible Contractors/Firms/Agencies of appropriate class registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/OtherState PWD up to 3.00 P.M. on 26/03/2024 for 9 (Nine) nos work. Eligible bidders shall participate in bidding only in online through website https://tripuratenders.gov.in. P e-Bid Conference: Date: 19.03.2024 Time: 11.00 AM in the chamber of the Executive Engineer, RD Bishramganj Division. For any enquiry, please contact by e-mail to eerdbsg@aqrmail.com.

ICA/C-5181/24

(Er. Samarenara Debbarma)
Executive Engineer
R.D. Bishramganj Division
Bishramganj, Sepahijala District, Tripura

নর্থইস্ট গেমসের জন্য ত্রিপুরা দল তৈরি : শুভেচ্ছা জ্ঞাপন ও জার্সি প্রদান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। নর্থইস্ট গেমসের জন্য ত্রিপুরা দল তৈরি। খেলোয়াড়দের হাতে জার্সি প্রদান অনুষ্ঠানও হয়েছে বৃহবার। পাশাপাশি 'আমরা জিতবোই' প্রতিশ্রুতি পরায়ণ ধ্বনিতে মুখরিত হয় এনএসআরসি-র প্রাদঙ্গণ।

চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে, অনেক জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে শেষ পর্যন্ত সরকারি হস্তক্ষেপে রাজ্য দল এবারকার

প্রতিযোগিতায় অংশ নিতে পারছে বলে ত্রিপুরার অলিম্পিক অ্যাসোসিয়েশনের এক রজা ক্রীড়া পরধরনপক্ষ থেকে সক্রিয় সবকক্ষে ধন্যবাদ জানানো হয়েছে।

রাজ্য অনূর্ধ্ব-১৩ ক্রিকেটে সদরের দুটি দল ঘোষিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। ঘোষিত হলো সদর 'এ' এবং 'বি' দল। রাজ্য অনূর্ধ্ব-১৩ আসরে অংশগ্রহণের লক্ষ্যে বৃহবার সন্ধ্যায় রাজ্য ক্রিকেট সংস্থার সচিব সুরভ দে ঘোষনা করেন 'এ' এবং 'বি' দল। সদর 'এ' দলের নেতৃত্বে যশ দেববর্মা এবং 'বি' দলের নেতৃত্বে ইজাক দেববর্মা। এবছর দক্ষিণ জেলায় রাজ্য আসর হওয়ার কথা। নির্বাচিত ক্রিকেটারদের ১৪ মার্চ দুপুর ২ টায় এম বি বি স্টেডিয়ামে 'রিপোর্ট' করবে বলেছে নৈসি এ সচিব। ঘোষিত দল: সদর 'এ': শ্রেষ্ঠাংগ দেব, রাজদীপ দাস, যশ দেববর্মা (অধিনায়ক), ঋজিমান দাস, শায়ন্তন কর, শুভজিৎ পাল, অক্ষিত দাস (সহ অধিনায়ক), জয়ন্ত সাহা, আবার ভট্টাচার্য, তানিক চক্রবর্তী, রাজদীপ দেব, রাহুল মিয়া, শায়ন্তন রায়, শুভম গণ, রাজদীপ দাস, শুভজিৎ সাহা, দিবাজ্যোতি ধর,

অর্পিত দেবনাথ, পাপাই দাস এবং সিদ্ধার্থ দে। কোচ: জয়ন্ত দেবনাথ, ট্রেণার: অজিতাভ নাথ। সদর 'বি': বোদাহত বনিক, মোহিত দেববর্মা, ইজাক দেববর্মা (অধিনায়ক), নীলেশ সূত্রধর, মনিষ ঘোষ, দেবরত রুদ্রপাল, অনশ ভটনাগর (সহ অধিনায়ক),

ময়ূখ চৌধুরি, চন্দ্রস্নাতা গোস্বামী, অয়ন দেবনাথ, উদয়ন পাল, অভি রণ দাস, তীর্থ চক্রবর্তী, দীর্ঘাজ মজুমদার, ক্রিশ ভেমিক, শুভজিৎ চক্রবর্তী, দেবরত রুদ্রপাল, ঋজিমান কর, রাম দত্ত এবং দেবপ্রীয়া দে। কোচ: ইন্ড্রজিৎ ঘোষ, ট্রেণার অচিন্ত চক্রবর্তী।

কর্নেল সি কে নাইডু ট্রফি জয়ের লক্ষ্যে কর্ণাটক, রানার্স উত্তর প্রদেশ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হতে যাচ্ছে কর্ণাটক। কর্ণেল সি কে নাইডু ট্রফিতে কর্ণাটক চ্যাম্পিয়নের পথ যথেষ্ট প্রশস্ত করে নিয়েছে। আগামীকাল তারই ঘোষণা হতে চলেছে। ফাইনালে প্রতিপক্ষ উত্তর প্রদেশ। বেসলুর্কর এম চিন্মাস্বামী স্টেডিয়ামে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ ক্রিকেটের খেতাবি লড়াইয়ে কর্ণাটক বর্তমান ঝুঁকিতে নারাজ। উত্তরপ্রদেশের হাতে দ্বিতীয় ইনিংসের ব্যাট তুলে দেবে কিনা সেটাই সন্দেহ। কর্ণাটক এই মুহূর্তে ৬৩৩ রানে এগিয়ে রয়েছে। দ্বিতীয় ইনিংসে খেলার শিরিরে এখনও পাঁচ উইকেট বর্তমান। চার দিনের ম্যাচ আগামীকাল অস্তিম দিন। প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে কর্ণাটক ৩৫৮ রান সংগ্রহ করলে জবাবে উত্তরপ্রদেশের প্রথম ইনিংসে ১৪৯ রানে থেমে যেতেই ম্যাচ কর্ণাটকের করায়তে চলে আসে।



বিশ্বকর্মা ভাই ও বোনদের সম্মান ও সমৃদ্ধি মোদি সরকারের গ্যারান্টি

এই প্রকল্পের উদ্দেশ্য শুধুমাত্র কারিগর
এবং শিল্পকারদের সমৃদ্ধি ঐতিহ্য রক্ষা করা
নয় বরং তাকে আরো বিকশিত করা।
- নরেন্দ্র মোদি, প্রধানমন্ত্রী

পিএম বিশ্বকর্মা

প্রকল্পের সুবিধা

- পিএম বিশ্বকর্মা সার্টিফিকেট এবং পরিচয়পত্র
- দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ এবং প্রতিদিন ৫০০ টাকা উপবৃত্তি
- ১৫ হাজার পর্যন্ত টুলকিট
- বিশ্বকর্মা ভাইবোনদের ৩ লক্ষ টাকা পর্যন্ত গ্যারান্টি ছাড়াই ঋণ
- ডিজিটাল লেনদেনের জন্য প্রণোদনা
- বিপণন সমর্থক যেমন উন্নতমানের সার্টিফিকেশন, ব্র্যান্ডিং এবং পণ্যের বিজ্ঞাপন

কারিগর এবং ক্রাফটপার্সনদের ১৮ ধরনের ঐতিহ্যবাহী পেশায় নিযুক্ত



মেরামতকারী। ছুতার। নৌকা নির্মাতা। অস্ত্র প্রস্তুতকারক। লোহার শ্রমিক। টোকরি/মাদুর/ঝাড়ু
প্রস্তুতকারক/কয়ার তাঁতি। পুতুল এবং খেলনা প্রস্তুতকারক (ঐতিহ্যগত)। স্বর্ণকার। কুমার। জুতা
নির্মাতারা। হাতুড়ি এবং টুলকিট প্রস্তুতকারক। লকস্মিথ। ভাস্কর, পাথর খোদাইকারী, পাথর ভাঙা।
রাজ মিস্ত্রি। নাপিত। মালা। খোপি। ট্রেইলর। মাছ ধরার জাল নির্মাতারা।

বিশ্বকর্মা ভাই-বোনেরা এই প্রকল্পের জন্য আবেদন করতে আজই
আপনার নিকটতম জনসেবা কেন্দ্রে যোগাযোগ করুন